

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

পুনঃ টেন্ডার বিজ্ঞপ্তি

টেন্ডার বিজ্ঞপ্তি নং- মাউশিবোদি/প্রশাঃ/ভান্ডার/টেন্ডার/৩৮/২০১৭/১১৯৪(২)

তারিখঃ ১৬/১০/২০১৭ খ্রিঃ

১. মন্ত্রণালয়/বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়
২. প্রকিউরিং এনটিটি : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৩. প্রকিউরিং এনটিটি জেলা : দিনাজপুর
৪. কাজের নাম : লট- ১: প্রি-প্রিন্টেড রেজিস্ট্রেশন কার্ড, প্রি-প্রিন্টেড এডমিট কার্ড ও প্রি-প্রিন্টেড টেবুলেশন শীট মুদ্রণ ও তৈরি
৫. ক্রয় পদ্ধতি : উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬. ব্যয়ের উৎস : দিনাজপুর শিক্ষা বোর্ডের নিজস্ব অর্থায়ন।
৭. দরপত্র প্রকাশের তারিখ : ১৭/১০/২০১৭
৮. দরপত্র নির্দেশিকা বিক্রয়ের স্থান, শেষ তারিখ ও সময় : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর (ভবন-২)। তারিখঃ ৩০/১০/২০১৭ সময়ঃ বিকাল ০৪.৩০ টা
৯. দরপত্র জমাদানের স্থান, শেষ তারিখ ও সময় : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর (ভবন-২)/পুলিশ সুপার কার্যালয়, দিনাজপুর এ রক্ষিত টেন্ডার ব্যস্তে জমা দিতে হবে। তারিখঃ ৩১/১০/২০১৭ সময়ঃ দুপুর ০২.০০ টা
১০. দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর (ভবন-২)। তারিখঃ ৩১/১০/২০১৭ সময়ঃ দুপুর ০৩.০০ টা
১১. দরপত্র নির্দেশিকা বিক্রয়কারীর নাম ও ঠিকানা : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২. দরপত্র গ্রহণকারীর নাম/ঠিকানা : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৩. দরপত্র যে কর্মকর্তা খুলবেন তার পদবি ও ঠিকানা : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৪. দরপত্রের যোগ্যতা : (ক) কোন শিক্ষা বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের প্রি-প্রিন্টেড রেজিস্ট্রেশন কার্ড, প্রি-প্রিন্টেড এডমিট কার্ড ও প্রি-প্রিন্টেড টেবুলেশন শীট মুদ্রণ ও তৈরির অভিজ্ঞতা আছে এরকম প্রেস ও কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার একক কার্যাদেশের অভিজ্ঞতা থাকতে হবে এবং কার্যাদেশের কপি দাখিল করতে হবে।
(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ব্যাংক স্বচ্ছতার সনদ, আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক, ভ্যাট নিবন্ধীকরণ সনদ সত্যায়িত করে দাখিল করতে হবে। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ মূল সার্টিফিকেট চাইতে পারবেন।
(গ) দরপত্র দাতাকে দরপত্র জমা দেয়ার সময় ব্যাংক স্থিতির পরিমাণ উল্লেখসহ (সিডিউলের বর্ণনা মোতাবেক) হালনাগাদ ব্যাংক স্বচ্ছতার সনদ অবশ্যই দাখিল করতে হবে।
১৫. প্রাসঙ্গিক কাজ : নাই।
১৬. দরপত্র নির্দেশিকার মূল্য : ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রতি সেট। অগ্রহী দরদাতাগণ “সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর” এর অনুকূলে ৩,০০০/- (তিন হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ প্রতিষ্ঠানের প্যাচে আবেদনপত্র জমা দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে দরপত্র নির্দেশিকা সংগ্রহ করতে পারবেন।

১৭.

লট নং	কাজের বিবরণ	পরিমাণ	টেন্ডার সিকিউরিটি	কাজ সমাপ্তকরণের সময়
০১	প্রি-প্রিন্টেড রেজিস্ট্রেশন কার্ড, প্রি-প্রিন্টেড এডমিট কার্ড ও প্রি-প্রিন্টেড টেবুলেশন শীট মুদ্রণ ও তৈরি (সিডিউলের বর্ণনা মোতাবেক)	কার্যতফশীল মোতাবেক	৮০০০০/-	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৪ সপ্তাহ

১৮. দরপত্র আহ্বানকারীর পদবি ও ঠিকানা : সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১৯. যোগাযোগ : ফোনঃ ০৫৩১-৫১৮৮৪, ০৫৩১-৫১৮৮১ ফ্যাক্স নংঃ ০৫৩১-৬৩০০৩
২০. বিশেষ নির্দেশনা : ক) প্রকৃত দরপত্রদাতা যথাযথভাবে লিখিত ডকুমেন্টসহ (Authorization Letter) তার প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি প্রতিষ্ঠানের নিজস্ব মূল লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্রের সিডিউল ক্রয় করতে পারবেন। এ ক্ষেত্রে প্যাডের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।
খ) দরপত্রের সিডিউলে কোন প্রকার ঘষামাজা কিংবা ওভাররাইটিং গ্রহণযোগ্য হবে না।
গ) দরপত্রের সাথে অবশ্যই প্রতিষ্ঠানের সীল ও স্বাক্ষরসহ নমুনা সংযুক্ত করতে হবে।
ঘ) টেন্ডার সিকিউরিটি ছাড়া দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
ঙ) বিল হতে সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে এবং সরকার কর্তৃক আরোপিত সকল ধরনের কর কর্তন প্রযোজ্য হবে, যা দরপত্র দাতাকে প্রদান করতে হবে।
চ) খামের উপর অফিস/ফর্মের নাম ও পূর্ণ ঠিকানা এবং সিলগালা ব্যবহার না করলে উক্ত দরপত্র বিবেচনা করা হবে না।
ছ) শুধুমাত্র মূল দরপত্র দাতা/তার প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি এ কাজে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের বৈধতা রাখেন।
জ) ডাকযোগে কোন দরপত্র বিক্রয় করা হবে না। তবে ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের নিকট পৌঁছালে তা গ্রহণ করা হবে।
ঝ) দরপত্র গ্রহণ ও খোলার নির্ধারিত তারিখে সরকারি ছুটি বা অনিবার্য কারণবশতঃ কার্যালয় বন্ধ থাকলে পরবর্তী কার্য দিবসে একই সময়ে একই স্থানে দরপত্র গ্রহণ ও খোলা হবে।
২১. কোন কারণ দর্শানো ছাড়া কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ তোফাজ্জুর রহমান)
সচিব (অঃদাঃ)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
(ফোনঃ ০৫৩১-৫১৮৮১)